

স্মারক নং- ৭৯২

তারিখঃ ২৯/০৫/২০১৭ খ্রিঃ

২০১৭-১৮ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার শিক্ষাক্রমে অন-লাইনে

শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর আওতাধীন সারা দেশে ১৬(ষোল) টি সরকারী কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) সমূহে ৪(চার) বছর মেয়াদি “ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার” শিক্ষাক্রমে ২০১৭-১৮ শিক্ষা বর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য অন-লাইন এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তির আবেদন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (www.bteb.gov.bd) দাখিল করতে হবে।

ক) ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার (৪ বছর মেয়াদী) কোর্সে ভর্তির আবেদনের যোগ্যতাঃ

- ১। নিয়মিত শিক্ষার্থীর ক্ষেত্রে : ২০১৫, ২০১৬, ২০১৭ সালে দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল/এসএসসি(ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল)/সমমান পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.৭৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ২। চাকুরীরতদের ক্ষেত্রে : চাকুরীজীবীদের ক্ষেত্রে যে কোন বছর এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ আবেদন করতে পারবেন। চাকুরীজীবী প্রার্থীগণকে বিভাগীয়/দপ্তর প্রধানের নিকট হতে ভর্তির অনুমতিপত্র ও ৪ বছর ছুটির অনুমতিপত্র ভর্তির সময় জমা দিতে হবে, অন্যথায় ভর্তি বাতিল হবে।

খ) ভর্তি কার্যক্রমের তারিখ ও সময়সূচী :

১।	ভর্তির জন্য অন-লাইনে আবেদনের সময়সূচী	২৯/০৫/২০১৭ থেকে ১৮/০৬/২০১৭ খ্রিঃ পর্যন্ত
২।	ভর্তি যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	২২/০৬/২০১৭ খ্রিঃ
৩।	ক্লাশ আরম্ভ	০১/০৮/২০১৭ খ্রিঃ

গ) ভর্তি সংক্রান্ত তথ্যাবলী :

- ১। প্রার্থী নির্বাচনে কোন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে না, কেবলমাত্র এসএসসি ও দাখিল/এসএসসি(ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
- ২। ভর্তির জন্য কারিগরি শিক্ষা বোর্ডের (www.bteb.gov.bd) ওয়েব সাইটের মাধ্যমে Web Link: www.btebadmission.gov.bd থেকে অন লাইনে আবেদন করতে হবে।
- ৩। অন-লাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা- ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমাদান সাপেক্ষে আবেদন করা যাবে।
- ৪। মেধা ও সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুসরণ করে ভর্তির নীতিমালা অনুযায়ী ভর্তি করা হবে।
- ৫। এসএসসি পাশ/সমমানের পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সকল জেলাসমূহ থেকে ভর্তির জন্য প্রার্থী বাছাই করা হবে। অন-লাইনে আবেদনের ক্ষেত্রে সকল সরকারী এটিআই সমূহ (১৬টি) হতে পছন্দক্রমে অনুযায়ী (১০টি) ধারাবাহিকভাবে নির্বাচন/নির্ধারণ করতে হবে।
- ৬। ভর্তির সময় প্রার্থীর ৪(চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি, মূল মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, নাগরিকত্ব সনদ, কোটায় ভর্তির স্বপক্ষে প্রয়োজনীয় সনদ দাখিল সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- ৭। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংশ্লিষ্ট এটিআই হতে জানা যাবে।


২৯/০৫/২০১৭
(কৃষিবিদ মোঃ মোবারক আলী)

পরিচালক

প্রশিক্ষণ উইং

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

e-mail: twdae@hotmail.com